

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
[www.mohpw.gov.bd](http://www.mohpw.gov.bd)

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'নৈতিকতা কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
তারিখ : ২৯ মার্চ, ২০২১ সোমবার, বিকাল ০৩.০০ ঘটিকা  
স্থান : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর সভাকক্ষ (ভবন নং-৫, কক্ষ নং-২০৪)

সভায় উপস্থিত সদস্য/কর্মকর্তাগণের নামের তালিকা "পরিশিষ্ট-ক"/ভিডিও ক্লিপ।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর এজেন্ডা অনুযায়ী সভা পরিচালনার জন্য সদস্য সচিবকে অনুরোধ করা হয়।

সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কাজী ওয়াছি উদ্দিন ২০২০-২০২১ অর্থবছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় বর্ণিত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান। তিনি জানান, ২০২০-২০২১ অর্থ বছরের ৩য় কোয়ার্টার শেষ হতে যাচ্ছে। এ কোয়ার্টারে বাস্তবায়িত কার্যক্রমগুলো যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন।

আলোচ্যসূচী অনুযায়ী এ মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন কাঠামোতে বর্ণিত প্রত্যেকটি কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় কমিটির সদস্যগণ তাদের সুচিন্তিত মতামত সভায় ব্যক্ত করেন।

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- (ক) এ মন্ত্রণালয়ের শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্তে গঠিত বাছাই কমিটি কর্তৃক মনোনীত ও সুপারিশকৃত কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০২০ নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;
- (খ) মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারিকৃত পরিপত্র অনুসরণপূর্বক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত সময়সীমার মধ্যে জাতীয় শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০২০ প্রদান নিশ্চিতকরণে দপ্তর/সংস্থার প্রধানগণকে নির্দেশনা প্রদান করা হলো এবং তাদেরকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো;
- (গ) এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের পিআরএল মঞ্জুরীর জন্য "PRL Grant System Automation" নামক সফটওয়্যার প্রস্তুত ও ব্যবহার নিশ্চিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ-০৫/০৪/২০২১

মোঃ শহীদ উল্লা খন্দকার

সচিব

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

ও


সভাপতি, নৈতিকতা কমিটি

স্মারক নং-২৫.০০.০০০০.০২২.১৮.০১৯.১৯-১৬২/১

তারিখ : ২২ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ  
০৫ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
৩. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৪. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৫. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন-১/২/উন্নয়ন-১/২/মনিটরিং), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব (বাজেট অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. যুগ্মসচিব (প্রশাসন/প্রশাসন-২ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. যুগ্মপ্রধান (পরিকল্পনা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. পরিচালক, এইচ.বি.আর.আই. ১২০/৩ দারুস সালাম, মিরপুর, ঢাকা।
১২. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা/প্রশাসন-১ অধিশাখা/প্রশাসন অধিশাখা-৬/উন্নয়ন অধিশাখা-৭/অধিশাখা-১০/১১/প্রশাসন-১৭ অধিশাখা/উন্নয়ন অধিশাখা-১৫), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. আইন কর্মকর্তা (আইন কোষ-১/২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন শাখা-৮/প্রশাসন শাখা-১৩/প্রশাসন শাখা-৫/শাখা-১২), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সিনিয়র-সহকারী প্রধান (পরিকল্পনা শাখা-১/২/৩), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. অফিস কপি/মাস্টার ফাইল।

  
০৫/০৪/২০২১  
মোঃ মাহমুদুর রহমান হাবিব  
উপসচিব  
ফোন : ৯৫৭০৬৪৯।